College Phone No.-9134595655

Website - www.plasseycollege.ac.in
Email Id - plasseycollege@gmail.com

# PLASSEY COLLEGE

Estd.-2010
(affiliated to the University of Kalyani)
Mira Bazar, P.O.-Plassey, Kaliganj Block, Dist.-Nadia, Pin-741156, West Bengal, India.

Ref. No. PC/Notice/02/2025

## NOTICE

Date. 18-02-2025

এতদ্দ্বারা পলাশি কলেজের সকল ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষা-সহায়ক কর্মী, কলেজ পরিচালন পর্ষদের সদস্য, প্রাক্তন ছাত্র-ছাত্রীকে জানানো যাচ্ছে যে, পলাশি কলেজের বার্ষিক পত্রিকা **'পলাশলিপি'র পরবর্তী সংখ্যা (তৃতীয় সংখ্যা)** খুব **শীঘ্রই** প্রকাশিত হতে চলেছে। এই উদ্দেশ্যে স্বরচিত লেখা সংগ্রহ করা হচ্ছে। লেখা জমা দেওয়ার নিয়মাবলি নিচে দেওয়া হলো–

১) লেখার আঙ্গিক হবে **কবিতা, অনুকবিতা, গল্প, অনুগল্প, প্রবন্ধ, স্মৃতিকথা, রম্য রচনা, ডকুমেন্টারি, ভ্রমণবিষয়ক রচনা, নাটক, সাক্ষাৎকার** জাতীয় ।

২) কবিতার ক্ষেত্রে অনধিক **২৫০ শব্দ**; গল্প, প্রবন্ধ, স্মৃতিকথা, রম্য রচনা, ডকুমেন্টারি, ভ্রমণবিষয়ক রচনা, নাটক, সাক্ষাৎকারের ক্ষেত্রে অনধিক **২০০০ শব্দ** ধার্য করা হয়েছে। অনাবশ্যক দীর্ঘ লেখা গৃহীত হবে না।

৩) **যেকোন বিষয় নিয়েই লেখা জমা দেওয়া যেতে পারে।** তবে ছাত্র-ছাত্রীদের ভাবনার সুবিধার্থে কিছু বিষয় নমুনা হিসেবে উল্লেখ করে দেওয়া হলো– কলেজ জীবনের বিশেষ অভিজ্ঞতা, ফেলে আসা স্কুলজীবন, জীবনের স্মরণীয় দিন, বর্তমান-শিক্ষা-স্বাস্থ্য-রাজনীতি-অর্থনৈতিক ব্যবস্থা, প্রিয় মনীষী/খেলোয়াড়/কবি/শিক্ষককে নিয়ে লেখা। বদলে যাওয়া গ্রামজীবন, সাম্প্রদায়িক সম্প্রীতি ও বর্তমান সময়, নদিয়ার ভাষা-সংস্কৃতি ও ইতিহাস, শিক্ষাব্যবস্থার পরিবর্তন ও তার প্রভাব, বর্তমান সময় ও গণতন্ত্রের চতুর্থ স্তম্ভ মিডিয়া, পরিবেশ-প্রকৃতি, স্বাস্থ্যবিধি, মহামারী উত্তীর্ণ সময় আমরা, বদলে যাওয়া সম্পর্ক, হারিয়ে যাওয়া বন্ধুত্ব, ভ্রমণকাহিনী, বর্তমান তথ্যপ্রযুক্তি, A.I. আশীর্বাদ না অভিশাপ, সোশ্যাল মিডিয়া, কৃষিব্যবস্থার বদল, মূল্যবোধের বদল, মাতৃভাষায় উচ্চশিক্ষা, আড্ডার ভাষাবদল, স্কলারশিপই কি কলেজে ভর্তির কারণ, নারী নির্যাতন ও ক্ষমতায়ন, পুরুষ নির্যাতন, বেকারত্ব, সমাজে

18/2/25
Principal
Plassey College
Mirabazar, P.O.-Plassey, Dt-Nadia

llege Phone No.-9134595655

Website - www.plasseycollege.ac.in
Email Id - plasseycollege@gmail.com

# PLASSEY COLLEGE

Estd.-2010

(affiliated to the University of Kalyani)

Mira Bazar, P.O.-Plassey, Kaliganj Block, Dist.-Nadia, Pin-741156, West Bengal, India.

Ref. No. PC/Notice/62/2025 **NOTICE** Date. 18-02-2025

নারীর অবস্থান, শিশুমনস্তত্ত্ব, বিনোদনের বদল ও প্রভাব, অতিরিক্ত মোবাইল ব্যবহারে স্বাস্থ্যহানি, ক্রিকেট ও ভারত-বাংলাদেশ সম্পর্ক, ফুটবল, হারিয়ে যাওয়া গ্রাম্য খেলা, পলাশির ইতিহাস ও পলাশিবাসী হিসেবে আমরা, পলাশির পেয়ারা, দেবগ্রামের গুড়বাজার, তোমার চোখে পলাশি কলেজ, সাইবার অ্যাটাক, ডিজিটাল অ্যারেস্ট, হ্যাকিং, ওয়েবসিরিজ না সিনেমা, ইংরেজি না বাংলা মিডিয়াম, খেলার মাঠ না মোবাইল গেম, বর্তমান সময় ও কমতে থাকা বইপাঠকের সংখ্যা, বইমেলা/শীতকালীন যেকোন মেলা, রিয়েল বুক না ডিজিটাল বুক নাকি অডিও বুক, কোনো বিশিষ্ট ব্যক্তিত্বের সাক্ষাৎকার ইত্যাদি। এছাড়াও অন্যান্য যেকোন বিষয় নিয়ে লেখা দেওয়া যেতে পারে।

৪) লেখা জমা দেওয়া যাবে দুভাবে– **হাতে লিখে বা টাইপ করে সরাসরি শিক্ষক-শিক্ষিকার কাছে অথবা নির্দিষ্ট হোয়াটসঅ্যাপ নম্বরে।** হাতে লেখার ক্ষেত্রে পরিষ্কার-পরিচ্ছন্ন ও পাঠযোগ্য হওয়া বাঞ্ছনীয়, অন্যথায় লেখা বাতিল বলে গৃহীত হবে। হোয়াটসঅ্যাপে জমা দেওয়ার ক্ষেত্রে নির্দিষ্ট হোয়াটসঅ্যাপ নম্বরগুলির মেসেজবডিতে টাইপ করে বা হাতে লিখে ছবি তুলে দিলেও হবে। **ছবি তুলে পাঠানোর ক্ষেত্রে পিডিএফ ফর্ম** হলে ভালো হয়। তবে ছবিটি যেন স্পষ্ট হয়। **লেখার সঙ্গে নিজের নাম, পদ** (Designation), **ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে বিভাগ** (Honours/Programme/Mejor), **অর্ধবর্ষ** (Semester), **ক্রমিক সংখ্যা** (Roll No) **লিখে দিতে হবে। আর প্রাক্তন ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে তাদের বর্তমান অবস্থান জানাতে হবে।** লেখার সঙ্গে এক কপি **নিজের পাসপোর্ট সাইজ ফটো** জমা দিতে হবে। হোয়াটসঅ্যাপে জমা দেওয়ার ক্ষেত্রে **পাসপোর্ট সাইজ ছবি স্ক্যান করে** JPg **ফর্মে** দিতে হবে।

18/2/25

Principal
Plassey College
Mirabazar, P.O.-Plassey, Dt-Nadia

llege Phone No.-9134595655
Website - www.plasseycollege.ac.in
Email Id - plasseycollege@gmail.com

# PLASSEY COLLEGE

Estd.-2010

(affiliated to the University of Kalyani)

Mira Bazar, P.O.-Plassey, Kaliganj Block, Dist.-Nadia, Pin-741156, West Bengal, India.

Ref. No. PC/Notice/62/2025 **NOTICE** Date. 18-02-2025

৫) উপযুক্ত মানসম্মত লেখায় গৃহীত হবে। **কেবল পলাশি কলেজের ছাত্র-ছাত্রী, অধ্যাপক-অধ্যাপিকা, শিক্ষা-সহায়ক কর্মী, প্রাক্তন অধ্যাপক-অধ্যাপিকা/ছাত্র-ছাত্রী ও কলেজ পরিচালন পর্ষদের সদস্যদের লেখাই গৃহীত হবে।**

৬) **পত্রিকায় প্রকাশিত যে লেখাগুলি সেরা হিসেবে বিবেচিত হবে তার লেখকদের পুরস্কৃত করা হবে। এ বিষয়টি কেবল ছাত্র-ছাত্রীদের লেখার ক্ষেত্রেই প্রযোজ্য।** এ বিষয়ে পরে নোটিশ দিয়ে জানানো হবে।

৭) যে সমস্ত ছাত্র-ছাত্রী চিত্র অংকন ও অলংকরণে পারদর্শী তারা পত্রিকার প্রচ্ছদের (Cover page) জন্য একটি ছবি জমা দেবে। **যে ছবিটি সেরা হিসেবে বিবেচিত হবে তার শিল্পীকেও পুরস্কৃত করা হবে এবং ছবিটি আসন্ন প্রকাশিত পত্রিকার প্রচ্ছদরূপে গৃহীত হবে।** এছাড়াও যারা চিত্র অঙ্কনে পারদর্শী তারা পত্রিকায় অলংকারনের জন্য নিম্নলিখিত নম্বরে ফোন বা হোয়াটসঅ্যাপ করে যোগাযোগ করতে পারো। তাদের জন্যও থাকবে বিশেষ পুরস্কার।

******লেখা, পাসপোর্ট সাইজ ছবি ও প্রচ্ছদের** (Cover page) জন্য ছবি সরাসরি জমা দেবে **শুভাশীষ স্যার/কুশল স্যার/শুভেন্দু স্যার/শুভদীপ স্যার/তানভি ম্যাডাম/চৈতালী ম্যাডাম/অনন্যা ম্যাডামের** কাছে অথবা **হোয়াটসঅ্যাপে জমা** দেবে নিম্নলিখিত নম্বরে – 9153044003/8016489485/8436311581/91 9733816754/7063530047

******লেখা জমা দেওয়ার শেষ তারিখ ১৫.০৩.২০২৫** ।

18/2/25

Principal
Plassey College
Mirabazar, P.O.-Plassey, Dt-Nadia

llege Phone No.-9134595655

Website - www.plasseycollege.ac.in
Email Id - plasseycollege@gmail.com

# PLASSEY COLLEGE

Estd.-2010

(affiliated to the University of Kalyani)

Mira Bazar, P.O.-Plassey, Kaliganj Block, Dist.-Nadia, Pin-741156, West Bengal, India.

Ref. No. PC/Notice/62/2025 **NOTICE** Date. 18-02-2025

****এছাড়াও বিস্তারিত জানতে নিম্নের QR কোডটি স্ক্যান করে নির্দিষ্ট 'Magazine Info Ply Clg' হোয়াটসঅ্যাপ গ্রুপে যুক্ত হতে পারো।

অধ্যক্ষ
পলাশি কলেজ

Principal
Plassey College
Mirabazar, P.O.-Plassey, Dt-Nadia

আহ্বায়ক
পত্রিকা কমিটি